

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ আশ্বিন ১৪২০ বঙ্গাব্দ/৩ অক্টোবর ২০১৩ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ৩১৯-আইন/২০১৩।—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ধারা ২৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। বিধিমালার নাম ও প্রয়োগ।—(১) এই বিধিমালা জাতীয় মহিলা সংস্থা কর্মচারী (অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল) বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা জাতীয় মহিলা সংস্থার সকল সার্বক্ষণিক কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, তবে প্রেষণে অথবা চুক্তি বা খণ্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (১) “অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল বা তহবিল” অর্থ বিধি ৩ এর অধীন গঠিত জাতীয় মহিলা সংস্থা কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল;
- (২) “আইন” অর্থ জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন);
- (৩) “কর্মচারী” অর্থ সংস্থার কোন কর্মকর্তা বা কর্মচারী;

(৮৭৩৯)

মূল্য ৪ টাকা ১২.০০

- (৪) “চাকুরী বিধিমালা” অর্থ জাতীয় মহিলা সংস্থা (কর্মকর্তা, কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৬;
- (৫) “চাঁদা প্রদানকারী” অর্থ তহবিলে চাঁদা প্রদানকারী কোন কর্মচারী;
- (৬) “তফসিলি ব্যাংক” অর্থে Bangladesh Bank Order, 1972 (P.O. 127 of 1972) এর Article 2 (J) তে সংজ্ঞায়িত Scheduled Bank কে বুঝাইবে;
- (৭) “পরিবার” অর্থ—

(ক) চাঁদা প্রদানকারী পুরুষ হইলে, তাহার স্ত্রী বা স্ত্রীগণ ও তাহার সন্তান বা সন্তানগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান বা সন্তানগণ :

তবে শর্ত থাকে যে, যদি কোন কর্মচারী প্রমাণ করিতে পারেন যে, আইন অনুসারে তিনি ও তাহার স্ত্রী আলাদাভাবে বসবাস করিতেছেন অথবা তাহার স্ত্রী প্রথাগত আইন অনুসারে খোরপোষ লাভের অধিকার হারাইয়াছেন, তাহা হইলে, উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য উক্ত কর্মচারী কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্ত্রী এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে উক্ত চাঁদাপ্রদানকারী কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না; এবং

(খ) চাঁদা প্রদানকারী মহিলা হইলে, তাহার স্বামী এবং সন্তান বা সন্তানগণ ও তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান বা সন্তানগণ :

তবে শর্ত থাকে যে, চাঁদা প্রদানকারী মহিলা কর্মচারী হইলে, তাহার স্বামীকে এই বিধিমালার কোন বিষয়ে তাহার পরিবারভুক্ত না করিবার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিয়া থাকিলে, উহার বিপরীতে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্বামী উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না;

(৮) “ফরম” অর্থ এই বিধিমালার ফরম;

(৯) “সন্তান” অর্থ বৈধ সন্তান;

(১০) “সংস্থা” অর্থ আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় মহিলা সংস্থা।

৩। অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল গঠন, ইত্যাদি।—(১) সংস্থার কর্মচারীদের জন্য নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ সমন্বয়ে “জাতীয় মহিলা সংস্থা কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল” নামে একটি তহবিল গঠিত হইবে, যথা:—

(ক) বিধি ৪ এর উপ-বিধি (১) এর অধীন জমাকৃত চাঁদা;

(খ) বিধি ৪ এর উপ-বিধি (২) এর অধীন সংস্থা কর্তৃক প্রদত্ত অর্থ;

(গ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত আয়;

(ঘ) এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে চাকুরী বিধিমালার বিধি ৫১ এর অধীন গঠিত “জাতীয় মহিলা সংস্থা কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল” হইতে স্থানান্তরিত অর্থ।

(২) তহবিলে জমাকৃত অর্থ কোন তফসিলি ব্যাংকে জমা রাখিতে হইবে।

(৩) এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে কর্মরত কর্মচারীকে এই বিধিমালা প্রবর্তনের ছয় মাসের মধ্যে এবং অন্যান্য কর্মচারীর ক্ষেত্রে যোগদানের ছয় মাসের মধ্যে তহবিলে হিসাব খুলিবার জন্য ফরম-ক তে আবেদন করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোন কর্মচারী চাকুরী বিধিমালার বিধি ৫১ এর অধীন গঠিত “জাতীয় মহিলা সংস্থা কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল” এ চাঁদা প্রদান করিলে বা করিবার জন্য কোন আবেদন করিয়া থাকিলে এই উপ-বিধির অধীন তাহার আবেদন করিবার প্রয়োজন হইবে না।

(৪) উপ-বিধি (৩) এর অধীন দাখিলকৃত আবেদন সংস্থা কর্তৃক মঞ্জুর হইলে সহকারী পরিচালক (হিসাব ও অর্থ) আবেদনকারীর নামে হিসাব খুলিয়া একটি হিসাব নম্বর বরাদ্দ করিবে এবং উহা সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৫) তহবিলে জমাকৃত ও উহা হইতে পরিশোধিত বা বিনিয়োগকৃত অর্থ সম্পর্কে সংস্থা বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সহকারী পরিচালক (হিসাব ও অর্থ) যাবতীয় হিসাব সংরক্ষণ করিবেন।

(৬) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক তহবিলের হিসাব নিরীক্ষা করিতে পারিবেন।

৪। তহবিলে চাঁদা প্রদান।—(১) প্রত্যেক চাঁদা প্রদানকারী প্রতি মাসে তাহার মূল বেতনের ন্যূনতম ১০% এর সমপরিমাণ চাঁদা তহবিলে জমা প্রদান করিবেন এবং উক্ত চাঁদা তাহার মাসিক বেতন হইতে কর্তন করিয়া তহবিলে জমা করা হইবে।

(২) সংস্থা প্রতিমাসে ইহার নিজস্ব তহবিল হইতে প্রত্যেক চাঁদাপ্রদানকারীর মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা তহবিলে প্রদান করিবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন প্রদত্ত চাঁদা সংশ্লিষ্ট কর্মচারীর হিসাবে জমা হইবে।

(৪) কোন চাঁদা প্রদানকারী বেতনসহ ছুটিতে থাকিলে তাহার চাঁদা প্রদান অব্যাহত থাকিবে, কিন্তু তিনি বিনা বেতনে ছুটিতে থাকিলে, উক্ত সময়ের চাঁদা প্রদানের কোন বাধ্যবাধকতা থাকিবে না এবং উক্ত সময়ের চাঁদা তিনি ছুটি শেষ হইবার পরেও জমা দিতে পারিবেন।

৫। সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন চাঁদা প্রদান।—কোন চাঁদা প্রদানকারী সাময়িকভাবে বরখাস্ত থাকাকালে তহবিলে চাঁদা প্রদান করিতে পারিবেন না, তবে পুনর্বহাল হইবার পর তিনি একত্রে উক্ত বরখাস্ত থাকাকালীন সময়ের বকেয়া চাঁদা প্রদান করিতে পারিবেন।

৬। তহবিল হিসাবে জমাকৃত টাকা স্থানান্তর।—কোন চাঁদা প্রদানকারী সাধারণভাবে বা পদোন্নতি লাভ করিয়া অন্য কোন স্থানে বদলী হইলেও তাহার তহবিল হিসাব কেন্দ্রীয়ভাবে ঢাকাস্থ প্রধান কার্যালয়ে যথারীতি চলমান থাকিবে।

৭। তহবিলের অর্থ জমা, বিনিয়োগ পদ্ধতি, ইত্যাদি।—(১) সরকার কর্তৃক সময় সময়, নির্ধারিত পদ্ধতিতে তহবিলের অর্থ বিনিয়োগ করা যাইবে।

(২) সংস্থা, তহবিলের অর্থ এইরূপে বিনিয়োগ করিবে যাহাতে উক্ত বিনিয়োগ হইতে সম্ভাব্য সর্বাপেক্ষা অধিক আয় হইতে পারে, এবং এতদুদ্দেশ্যে সংস্থা তহবিলের অর্থ কোন তফসিলি ব্যাংকের স্থায়ী আমানতে বা সঞ্চয়ী হিসাবে রাখিতে বা কোন লাভজনক সরকারি সিকিউরিটিতে বিনিয়োগ করিতে পারিবে।

(৩) সংস্থার নির্বাহী পরিচালক ও সহকারী পরিচালক (হিসাব ও অর্থ) এর যুগ্ম স্বাক্ষরে তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

৮। তহবিলে জমাকৃত চাঁদার উপর সুদ।—সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে সংস্থা প্রত্যেক চাঁদা প্রদানকারীকে তাহার তহবিল হিসাবে জমাকৃত চাঁদার উপর সুদ প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ সুদ গ্রহণ করিতে ইচ্ছুক না হইলে চাঁদা প্রদানকারী লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করিয়া এই বিধির অধীনে কোন সুদ গ্রহণে বিরত থাকিতে পারিবেন এবং সেক্ষেত্রে সংস্থা উক্ত সুদের টাকা প্রাপ্য হইবে।

৯। মনোনয়ন।—(১) কোন চাঁদা প্রদানকারীর মৃত্যুর পর যাহাতে তাহার পরিবারের প্রাপ্য সুবিধা উক্ত পরিবারের পক্ষে গ্রহণ করা সম্ভব হয় সে উদ্দেশ্যে প্রত্যেক চাঁদা প্রদানকারী, চাঁদা প্রদান শুরু করিবার সময়, তাহার পরিবারের এক বা একাধিক সদস্যকে ফরম-খ এর মাধ্যমে মনোনীত করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, কোন চাঁদা প্রদানকারীর পরিবার না থাকিলে যে কোন এক বা একাধিক ব্যক্তিকে উক্ত ফরম এর মাধ্যমে মনোনীত করিতে পারিবেন, এবং অনুরূপ মনোনয়নের পরে তিনি কোন সময় পরিবার অর্জন করিলে উক্ত মনোনয়ন বাতিল হইয়া যাইবে এবং তিনি অবিলম্বে তাহার পরিবারের এক বা একাধিক সদস্যকে এই উপ-বিধির অধীনে মনোনীত করিবেন।

(২) কোন চাঁদা প্রদানকারী উপ-বিধি (১) এর অধীনে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে প্রত্যেকের প্রাপ্য অংশ ফরম-খ তে নির্ধারণ করিয়া দিবেন।

(৩) চাঁদা প্রদানকারী সংস্থার বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিত নোটিশ দিয়া যে কোন সময় উক্ত মনোনয়ন বাতিল করিতে পারিবেন, তবে এইরূপ নোটিশের সহিত একটি নূতন মনোনয়ন দাখিল করিতে হইবে।

১০। তহবিলে জমাকৃত অর্থ পরিশোধ।—কোন চাঁদা প্রদানকারী চাকুরী হইতে অবসর গ্রহণ বা পদত্যাগ করিলে, অথবা অপসারণ বা বরখাস্ত ব্যতীত অন্য কোন ভাবে চাকুরীচ্যুত হইলে, তাহার তহবিল হিসাবে সঞ্চিত অর্থ চাঁদাপ্রদানকারীকে অথবা, ক্ষেত্রমত, তাহার মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীকে পরিশোধ করিতে হইবে।

১১। চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণের ক্ষেত্রে তহবিলের অর্থ পরিশোধ।—কোন চাঁদা প্রদানকারী চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হইলে, তিনি শুধুমাত্র তাহার নিজের প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত সুদ প্রাপ্য হইবেন, কিন্তু সংস্থা কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত সুদ প্রাপ্য হইবেন না।

১২। চাঁদা প্রদানকারীর মৃত্যুতে তহবিল হইতে তাৎক্ষণিকভাবে অর্থ প্রদান।—কোন চাঁদা প্রদানকারীর মৃত্যু হইলে, তাহার দাফন-কাফন বা, ক্ষেত্রমত, অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করিবার জন্য অথবা তাহার বিধবা স্ত্রী বা সন্তান-সন্ততি অথবা অন্যান্য পোষ্যবর্গকে তাৎক্ষণিকভাবে সাহায্য প্রদানের জন্য সংস্থা বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কর্মচারীর তহবিল হিসাবে সঞ্চিত অর্থ হইতে অনধিক ১০ (দশ) হাজার টাকা প্রদান করিতে পারিবেন এবং এইরূপ কোন অর্থ প্রদান করা হইলে, উহা উক্ত ব্যক্তির তহবিল হিসাবে সঞ্চিত অর্থ হইতে চূড়ান্তভাবে পরিশোধের সময় সমন্বয় করিতে হইবে।

১৩। চাঁদা প্রদানকারীর নিকট হইতে সংস্থার প্রাপ্য কর্তন।—কোন চাঁদা প্রদানকারীর অবসর গ্রহণ, মৃত্যু বা অন্যবিধভাবে চাকুরীচ্যুতির ক্ষেত্রে, তাহার প্রাপ্য অর্থ তাকে চূড়ান্তভাবে পরিশোধের পূর্বে, তাহার তহবিল হিসাবে জমাকৃত টাকা হইতে সংস্থা উহার প্রাপ্য টাকা কর্তন করিয়া রাখিতে পারিব:

তবে শর্ত থাকে যে, সংস্থা পাওনা টাকার পরিমাণ নির্ধারণের অজুহাতে চাঁদাপ্রদানকারীর উক্তরূপ চাকুরীচ্যুতির পর প্রাপ্য অর্থ পরিশোধ দুই মাসের অধিককালব্যাপী স্থগিত রাখিতে পারিবে না এবং উক্ত সময়ের মধ্যে পাওনা টাকার পরিমাণ নির্ধারণ করা না হইলে তাঁহার প্রাপ্য টাকা সম্পূর্ণভাবে পরিশোধ করিতে হইবে এবং পরবর্তীতে উক্ত পাওনা টাকার পরিমাণ নির্ধারণ করা হইলে, উহা তাহার বা তাহার মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীর নিকট হইতে Public Demands Recovery Act, 1913 (Bengal Act No. III of 1913) এর বিধানাবলী অনুসারে আদায় করা যাইবে।

১৪। তহবিল হইতে অগ্রিম প্রদান ও আদায়।—কোন চাঁদা প্রদানকারী তহবিল হইতে অগ্রিম গ্রহণ করিতে চাহিলে সংস্থা বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অগ্রিম মঞ্জুর করিতে পারিবে এবং অগ্রিম মঞ্জুর ও আদায়ের ক্ষেত্রে General Provident Fund Rules, 1979 এর বিধানাবলী কার্যকর হইবে।

ব্যখ্যা : অগ্রিমের জন্য তহবিলে সঞ্চিত অর্থ বলিতে চাঁদাদাতার প্রদত্ত চাঁদা ও ইহার সুদ বুঝাইবে, তবে কন্ট্রিবিউশন বা কন্ট্রিবিউশনের উপর প্রদেয় সুদকে বুঝাইবে না।

১৫। চাঁদাপ্রদানকারী কর্তৃক সাধিত ক্ষতি, ইত্যাদি পূরণের ব্যবস্থা।—কোন চাঁদা প্রদানকারীর কৃতকার্যের ফলে বা তৎকর্তৃক করণীয় কাজ না করার ফলে সংস্থার কোন আর্থিক ক্ষতি সাধিত হইলে, সরকারের অনুমোদন সাপেক্ষে, তাহার তহবিল হিসাবে সঞ্চিত অর্থ হইতে উক্ত ক্ষতি পূরণ করা যাইবে এবং এইরূপ ক্ষেত্রে প্রয়োজনবোধে তহবিল হইতে চাঁদাপ্রদানকারীর প্রাপ্য অর্থ পরিশোধ বিধি ১৩ এর বিধান সাপেক্ষে স্থগিত রাখা যাইবে।

১৬। তহবিলের টাকা প্রদানের ক্ষেত্রে Act No. XIX of 1925 এর প্রয়োগ।—কোন চাঁদাপ্রদানকারীর তহবিলের হিসাবে সঞ্চিত অর্থ পরিশোধযোগ্য হইলে, উহা পরিশোধের ক্ষেত্রে Provident Funds Act, 1925 (Act No. XIX of 1925) এর section 4 এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

১৭। বিধিমালায় অন্তর্ভুক্ত নহে এইরূপ বিষয়।—অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল সংক্রান্ত কোন বিষয়ে এই বিধিমালায় পর্যাপ্ত বিধান না থাকিলে, উক্ত বিষয়ে সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা, আদেশ, নির্দেশ বা নিয়মাবলী অনুসরণ করা হইবে এবং এইরূপ অনুসরণে কোন অসুবিধা দেখা দিলে উক্ত বিষয়ে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮। রহিতকরণ ও হেফাজত।—(১) এই বিধিমালা প্রবর্তনের সঙ্গে সঙ্গে জাতীয় মহিলা সংস্থা (কর্মকর্তা, কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৫১ এবং উহার অধীন গঠিত “জাতীয় মহিলা সংস্থা কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল” বিলুপ্ত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন বিলুপ্তকরণ সত্ত্বেও—

(ক) উক্ত বিলুপ্ত তহবিল এর ব্যাংক স্থিতি, বিনিয়োগ এবং জমাকৃত চাঁদা এই বিধিমালার অধীন গঠিত অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে স্থানান্তরিত হইবে;

(খ) উক্ত বিলুপ্ত বিধির অধীন কৃত কার্যক্রম, গৃহীত ব্যবস্থা ও প্রদত্ত আদেশ এই বিধিমালার অধীন কৃত, গৃহীত ও প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং কোন কার্যক্রম চলমান থাকিলে উহা এমনভাবে চলমান ও অব্যাহত থাকিবে যেন উহা এই বিধিমালার অধীন গৃহীত হইয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তারিক-উল-ইসলাম

সচিব।

ফরম-ক

[বিধি ৩(৩) দ্রষ্টব্য]

অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে হিসাব খুলিবার আবেদনপত্র

- ১। জাতীয় মহিলা সংস্থার জেলা/উপজেলা শাখার নাম :
- ২। আবেদনকারীর নাম :
- ৩। পিতা/স্বামীর নাম :
- ৪। মাতার নাম :
- ৫। পদের নাম :
- ৬। চাকুরীতে যোগদানের তারিখ :
- ৭। বেতনক্রম ও মাসিক বেতন :
- ৮। জন্ম তারিখ :
- ৯। সুদ গ্রহণ করিতে ইচ্ছুক কিনা :

আমি ভবিষ্য তহবিলে একটি হিসাব খুলিতে চাই। সুতরাং আমার নামে একটি হিসাব খুলিবার জন্য অনুরোধ জানাইতেছি। উপরি-উক্ত তথ্যাদি সঠিক।

.....
আবেদনকারীর স্বাক্ষর

তারিখ:

উপরি-উক্ত তথ্যাদি আমার জানামতে সঠিক এবং আবেদনপত্র বিবেচনার জন্য প্রেরণ করা হইল।

.....
কর্মকর্তার স্বাক্ষর

তারিখ:

(এই অংশে কেন্দ্রীয় কার্যালয়ের সহকারী পরিচালক (হিসাব ও অর্থ) পূরণ করিবেন)

উপরি-উক্ত আবেদনপত্র মঞ্জুর করা হইল এবং আবেদনকারীর নামে জাতীয় মহিলা সংস্থার অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে একটি হিসাব খুলিবার অনুমতি প্রদান করা হইল।

তারিখ: সহকারী পরিচালক (হিসাব ও অর্থ)

.....
নির্বাহী পরিচালকের স্বাক্ষর

উপরোক্ত আবেদনপত্র মঞ্জুর করা হইল এবং আবেদনকারীর নামে..... জাতীয় মহিলা সংস্থার অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল হিসাব নং..... বরাদ্দ করা হইল।

.....
তারিখ:

.....
সহকারী পরিচালক (হিসাব ও অর্থ)

[বিধি ৯ দ্রষ্টব্য]

অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল হিসাবে জমাকৃত টাকা প্রাপ্তির মনোনয়নপত্র

চাঁদা প্রদানকারীর পরিবারের এক/একাধিক সদস্যকে/সদস্যগণকে মনোনয়নদান:

আমার নং অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল হিসাব এ জমাকৃত টাকা পরিশোধযোগ্য হইবার পূর্বে, অথবা উহা পরিশোধযোগ্য হওয়া সত্ত্বেও পরিশোধিত না হওয়ার পূর্বে আমার মৃত্যুর ক্ষেত্রে উক্ত টাকা গ্রহণের জন্য আমি এতদ্বারা আমার পরিবারের নিম্নবর্ণিত সদস্যকে/সদস্যগণকে মনোনয়নদান করিলাম :

মনোনীত সদস্য/সদস্যগণের নাম ও ঠিকানা	চাঁদা প্রদানকারীর সহিত সম্পর্ক	মনোনীত সদস্য একাধিক হইলে প্রত্যেকের প্রাপ্য অংশ (শতকরা হার)	মনোনীত সদস্য/সদস্যগণের বয়স
---	-----------------------------------	---	-----------------------------------

১।

২।

৩।

২। চাঁদা প্রদানকারীর পরিবার না থাকিলে এক/একাধিক ব্যক্তিকে মনোনয়নদান:

জাতীয় মহিলা সংস্থা কর্মচারী (অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল) বিধিমালা, ২০১৩ এর বিধি ২(৭) তে প্রদত্ত সংজ্ঞা অনুসারে আমার কোন পরিবার নাই। আমার নং অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল হিসাবে জমাকৃত টাকা পরিশোধযোগ্য হইবার পূর্বে অথবা পরিশোধযোগ্য হওয়া সত্ত্বেও পরিশোধিত না হওয়ার পূর্বে আমার মৃত্যুর ক্ষেত্রে উক্ত টাকা গ্রহণের জন্য আমি এতদ্বারা নিম্নবর্ণিত ব্যক্তি/ব্যক্তিগণকে মনোনয়নদান করিলাম:

মনোনীত সদস্য/সদস্যগণের নাম ও ঠিকানা	চাঁদা প্রদানকারীর সহিত সম্পর্ক	মনোনীত সদস্য একাধিক হইলে প্রত্যেকের প্রাপ্য অংশ (শতকরা হার)	মনোনীত সদস্য/সদস্যগণের বয়স
---	-----------------------------------	---	-----------------------------------

১।

২।

৩।

দুইজন স্বাক্ষরীর নাম

পদবী, ঠিকানা ও স্বাক্ষর

চাঁদা প্রদানকারীর স্বাক্ষর ও
তারিখ

নাম

পদবী

ঠিকানা

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd